# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৭ জুন, ২০০৫ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | **কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ**<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন এম রবিউল ইসলাম শিকদার, পিএসসি -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ আহসানুল হক মিয়া -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি
কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৬) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ মে, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ মে, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। মাসিক স্বাস্থ্য প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বর্তমান মুরগী জবাইখানার স্থান অন্যত্র পুনঃস্থাপনের জন্য একটি সুবিধাজনক স্থান নির্বাচন করার নিমিত্তে মেজর আব্দুর রশিদ আকন্দ, এসএইচও, ঢাকা সেনানিবাস-কে দায়িত্ব প্রদান করা হলো। এ ব্যাপারে তিনি ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে সমন্বয় করে কাজটি সম্পাদন করবেন। মার্কেটস্থ মাছের আড়ৎ সংলগ্ন গ্রুপ টয়লেট, সেপটিক ট্যাঙ্ক ও স্যানিটারী লাইন মেরামতের কাজ সম্পন্ন করার পর আড়ৎ ইজারার বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৪ ঃ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকার বিশেষ অনুদান বরাদ্দের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৫ জুন, ২০০৫ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৩৬-এ/১৬২ নং পত্রটি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শহীদ রমিজ উদ্দিন কলেজে ডিগ্রী কোর্স চালু হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্ত মোতাবেক কলেজটিকে স্কুল শাখা হতে পৃথক করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯ জুন, ২০০৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/ ৩৯৩-৩/শা-৭/২৮৬ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হলো। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন কলেজকে স্কুল শাখা হতে পৃথক করার ব্যাপারে অধ্যক্ষ, শহীদ রমিজ উদ্দিন কলেজ এর দাখিলী প্রতিবেদন অসম্পূর্ণ বিধায় তা অনুমোদন করা গেল না। তবে স্কুলের স্বাতন্ত্র বজায় রেখে একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত ইলেকট্রিক লাইনম্যান/ইলেকট্রিক লাইনম্যান হেলপারগণকে (দক্ষ/অদক্ষ) মাসিক ৫০/-(পঞ্চাশ) টাকা হারে সাইকেল ভাতা প্রদানের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪ জুন, ২০০৫ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১৩২-৩/শা-২/৮২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত ইলেক্ট্রিক লাইনম্যান/ ইলেকট্রিক লাইনম্যান হেলপারগণ (দক্ষ/অদক্ষ) যারা সরকারী কাজে নিজস্ব বাইসাইকেল ব্যবহার করছেন তাদেরকে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪ জুন, ২০০৫ তারিখের ২/এমএলএন্ডসি/ জেনারেল/১৩২-৩/শা-২/৮২ নং পত্র মোতাবেক মাসিক ৫০/- (পঞ্চাশ) টাকা হারে বাইসাইকেল ভাতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/এ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মেজর ডাঃ হাসান ইলিয়াস (অবঃ), পিতা- মরহুম ইজ্জত আলী বিশ্বাস এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৬ এপ্রিল, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১/বি/ফ্ল্যাট নং-৪/এ/৪ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৮ জুন, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত বাড়ীর ৪/এ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মেজর ডাঃ হাসান ইলিয়াস (অবঃ), পিতা- মরহুম ইজ্জত আলী বিশ্বাস এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**চলমান পাতা-৩**

প্রস্তাব নং-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ২/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে লেঃ কর্ণেল এম মহিউদ্দিন আহমেদ (অবঃ), পিতা- মরহুম মোহাম্মদ মফিজ উল্লাহ মিয়া এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১১ জুন, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১৬/এফ/ফ্ল্যাট নং-সি/২/৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২০ জুন, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ২/সি নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা লেঃ কর্ণেল এম মহিউদ্দিন আহমেদ (অবঃ), পিতা- মরহুম মোহাম্মদ মফিজ উল্লাহ মিয়া এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৩/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব মোঃ ফখরুল হক, পিতা- ডাঃ মোঃ ফজলুল হক এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৯ জুন, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১৬/এফ/ফ্ল্যাট নং-সি/৩/৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২০ জুন, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৩/সি নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা জনাব মোঃ ফখরুল হক, পিতা- ডাঃ মোঃ ফজলুল হক এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং প্লটে নির্মিত বাড়ীর এ/২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস সুরাইয়া জালাল, স্বামী- ব্রিগেঃ জেনাঃ শাহ জালাল (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৩ সেপ্টেম্বর, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২১/এ/২/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১৭ মে, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বাড়ীর এ/২ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মিসেস সুরাইয়া জালাল, স্বামী- ব্রিগেঃ জেনাঃ শাহ জালাল (অবঃ) এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৫/৪ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে লেঃ কর্ণেল (অবঃ) আমজাদ হোসেন, পিতা- মরহুম মোমতাজ উদ্দিন এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৯ জুন, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৩০/এফ/ফ্ল্যাট নং-৫/৪/৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২৪ মার্চ, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ৫/৪ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা লেঃ কর্ণেল (অবঃ) আমজাদ হোসেন, পিতা- মরহুম মোমতাজ উদ্দিন এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ/১ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব সোহাদ রব চৌধুরী, পিতা- মোঃ আব্দুর রব চৌধুরী এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৫ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৯/এ/১/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০১ জুন, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ/১ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা জনাব সোহাদ রব চৌধুরী, পিতা- মোঃ আব্দুর রব চৌধুরী এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৩ নং প্লটে নির্মিত বাড়ীর ১১ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মেজর মোঃ খোরশেদ আলম (অবঃ), পিতা- মরহুম জমশেদ আলী এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ০৬ মার্চ, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৩/১১/৪ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২৫ মে, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩ নং প্লটে নির্মিত বাড়ীর ১১ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মেজর মোঃ খোরশেদ আলম (অবঃ), পিতা- মরহুম জমশেদ আলী এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

**প্রস্তাব নং-১৪ ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৩ নং প্লটে নির্মিত বাড়ীর ১০ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস মাহমুদা হক, স্বামী- আমিনুল হক ভূঞা এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ১৬ এপ্রিল, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৩/ফ্ল্যাট নং-১০/৪ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২৬ মে, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩ নং প্লটে নির্মিত বাড়ীর ১০ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মিসেস মাহমুদা হক, স্বামী- আমিনুল হক ভূঞা এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৫ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বাড়ী নং-৪০ (পরিত্যক্ত) এর ইজারা বাতিল প্রসংগে বিগত ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-২৯ এর সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের আইন উপদেষ্টার আইনগত মতামত স্বশরীরে বোর্ডসভাকে ব্যাখ্যাকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ আইন উপদেষ্টার আইনী মতামত অবহিত হওয়া গেল। মহাখালী ডিওএইচএস এলাকার বাড়ী নং-৪০ (পরিত্যক্ত) বাড়ীর মূল ইজারা দলিল বাতিলসহ বর্তমান দাবীদার জনাব মাকসুদ আলম এর পক্ষে যে সকল মামলার রায় হয়েছে তার বিরুদ্ধে আপীল মামলা দায়েরের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা কর্তৃক জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৬ ঃ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানটির অনুকূলে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২১ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ৩৯১৭/৬/ঢাকা-২/এমকিউ-২ নং পত্র এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস কর্তৃক লাইসেন্স প্রদান করায় তাদের বিলবোর্ড স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | অনুমোদিত বিলবোর্ড/ ইউনিপোলের স্থান উল্লেখসহ সংখ্যা | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | আর এম ইন্টারন্যাশনাল | (ক) জোয়ার সাহারা মৌজায় ৮০০ বর্গফুট বিশিষ্ট ইউনিপোল। | ০৪ টি | |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে আর এম ইন্টারন্যাশনাল কর্তৃক প্রস্তাবিত স্থানসমূহে ইউনিপোল স্থাপনের বিষয়টি অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

প্রস্তাব নং-১৭ ঃ ২০০৪-২০০৫ আর্থিক সালে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বি এ এফ কঞ্জারভেন্সী শাখার কর্মচারীদের পোষাক তৈরী বাবদ ২১,২০০/- (একুশ হাজার দুইশত) টাকা পিএসআই ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাসের অনুকূলে পরিশোধের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ ব্যাপারে বিমান বাহিনী ঘাঁটি বাশার, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাসের ০৯ জুন, ২০০৫ তারিখের বাশার/৪০৪৬/৩/বিডব্লিও/খণ্ড-৩/৫৯ক নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনা হলো। আলোচনান্তে বি এ এফ কঞ্জারভেন্সী শাখার কর্মচারীদের পোষাক তৈরী বাবদ ২১,২০০/- (একুশ হাজার দুইশত) টাকা পিএসআই ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস-কে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

চলমান পাতা-৬

প্রস্তাব নং-১৮ ঃ স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসের ২৮ মে, ২০০৫ তারিখের এসএইচও/২ নং পত্রের মাধ্যমে স্প্রে মেশিনের যন্ত্রাংশ এবং এ এম স্টোর ক্রয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকার অনুদান বরাদ্দ চাওয়া হয়েছে। এ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্তের জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশন এর সংশ্লিষ্ট পত্রটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে স্প্রে মেশিনের যন্ত্রাংশ এবং এম স্টোর ক্রয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস-কে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত অর্থ ২০০৪-২০০৫ আর্থিক সালের বাজেটের 'মশক নিধন' খাত হতে সংকুলান করতে হবে।

প্রস্তাব নং-১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মুল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মেলন কক্ষ নির্মাণ (শীততাপ নিয়ন্ত্রিত)। | ৭,২৫,২৪৪/-টাকা | অনুদান |
| ২। | ঢাকা সেনানিবাসের সীমানা বরাবর তিনটি ষ্টীলের সাইন বোর্ড নির্মাণ/স্থাপন (ঢাকা সেনানিবাস এলাকা শুরু ও শেষ)। | ৩৯,৯৪৮/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| ৩। | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তরপার্শ্বে মাছের আড়ৎ সংলগ্ন বিদ্যমান গ্রুপ টয়লেটসহ সেপটিক ট্যাঙ্ক মেরামতকরণ। | ৭০,০০০/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| ৪। | অফিসার্স বাসস্থান ক্যান্টনমেন্ট পোস্ট অফিস এলাকায় ০১টি স্লিপার স্থাপন। | ২৩,০০০/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| ৫। | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ১ম ধাপে ১০২, ১০৩, ১০৪, ১০৯, ১১০ ও ১১১ নং প্লটের পশ্চিম পার্শ্বে ধসে যাওয়া রোধকল্পে রিটেইনিং ওয়াল নির্মাণ। | ৯,০৮,৮৮০/-টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| ৬। | বনানী ডিওএইচএস এর প্রবেশ পথ মসজিদের নিকটস্থ রেল লাইন হতে পূর্ব দিকে বিমান বন্দর সড়ক পর্যন্ত (কাকলীর মোড়) মেরামতসহ কার্পেটিংকরণ। | ৪,৫৪,৯৮৬/-টাকা | অনুদান |
| ৭। | বনানী ডিওএইচএস এর মসজিদের দক্ষিণে ওয়াসা পাম্প হাউজের উত্তর পার্শ্বে গেইটের নিকট গর্ত ভরাট ও ফুলের বেড নির্মাণ। | ৪৯,৯০০/-টাকা | অনুদান |
| ৮। | বনানী ডিওএইচএস এলাকায় বৃহদাকার ০১টি পাকা ডাস্টবিন নির্মাণ ফাইভার টিনশেডের ঢাকনাসহ। | ৯৫,০০০/-টাকা | অনুদান |
| ৯। | মহাখালী ডিওএইচএস ৩৪ নং রোডের পানি নিষ্কাশনের জন্য ৫০৪ এর পূর্ব কর্ণার হতে পূর্বদিকে ৪৯২ নং প্লটের কর্ণার পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ। | ২,৩০,০০০/-টাকা | অনুদান |
| ১০। | মুসলিম মর্ডাণ একাডেমীর খেলার মাঠকে সংযুক্ত করার জন্য মাঠের উত্তর ও পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল, ড্রেনসহ রিকশাওয়ে নির্মাণ। | ৮,৭৩,৬০০/-টাকা | অনুদান |
| ১১। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের গ্যারেজের সামনে টেনিস গ্রাউন্ড নির্মাণ। | ২,৭৫,২৫৫/- টাকা | অনুদান |
| ১২। | মহাখালী ডিওএইচএস এলাকার সিকিউরিটি ব্যারাক সংলগ্ন পুকুর পাড়ে প্যালাসাইডিংকরণ। | ৭৩,৫৬০/-টাকা | অনুদান |
| ১৩। | বারিধারা ডিওএইচএস এর প্রধান সড়কের পশ্চিম পার্শ্বে পুরাতন ফুটপাত পরিস্কারকরণ এবং রোড নং-১ এর ক্রস পাইপ স্থাপন কাজ। | ৪০,৬৭০/-টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্রমিক নং-৮ ও ১০ এর মূল্যানুমানসমূহ আপাততঃ স্থগিত করা হলো। এছাড়া ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬,৭, ৯, ১১, ১২ ও ১৩ পর্যন্ত মোট ১১ (এগার) টি কাজের মূল্যানুমান অনুমোদনের করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, ক্রমিক নং-৫ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১ম ধাপের রিটেইনিং ওয়ালের কাজটি বর্ষা মৌসুম শেষ হওয়ার পর আগামী শুষ্ক মৌসুমে আরম্ভ করতে হবে।

চলমান পাতা-৭

প্রস্তাব নং-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদন করণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | ২০০৪-২০০৫ আর্থিক সালের নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বৈদ্যুতিক ফিটিংস ক্রয় কাজ। | ৬,০৯,৫৩০/- টাকা (বাজার দর) | মেসার্স সেভেন সিরীজ এন্টারপ্রাইজ | ৬,১৩,২২১/- টাকা | ৬,১৩,২২১/- টাকা (বাজার দর) | ২০০৪-২০০৫ আর্থিক সালের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (২) | স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-৯ এর মেরামত ও সাজ-সজ্জাকরণ। | ২৪,৫০০/-টাকা | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ০৫.০০% উর্ধ্বে | ০৪.৭৫% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৩) | স্টাফ কোয়ার্টার নং-৬৫/এ এর দোতলার পশ্চিম পার্শ্বে মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৭৬,২৪৬/-টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৬৪/এ (নীচতলা-পূর্বপার্শ্ব) মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৩৫,০০০/-টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ০৭.০০% উর্ধ্বে | ০৫.৯৫% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৫) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের স্যানেটারী ফিটিংস সরবরাহ ও স্থাপন। | ১৮,৬০৬/-টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ০৯.৯৯% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার সিকিউরিটি ব্যারাকের জন্য পানির ট্যাংক স্থাপন ও গ্যাস লাইন মেরামতকরণ কাজ। | ১৩,৫৪২/-টাকা | মেসার্স খান ট্রেডার্স | ০৯.৯০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/এ এর নীচতলার পশ্চিম পার্শ্বে মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৪৯,৮০৬/-টাকা | মেসার্স মহি এন্ড ব্রাদার্স | ০৪.৯৫% উর্ধ্বে | ০৪.৯৫% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৮) | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন ইমাম-এর স্টাফ কোয়ার্টার মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৪৫,৪০০/-টাকা | মেসার্স জিএম ট্রেডার্স | ০৪.৯৯% উর্ধ্বে | ০৪.৯৯% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৯) | ঢাকা সেনানিবাস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসা নং-৯১ এর দোতলা মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ২৫,২০৮/-টাকা | মেসার্স মনির এন্ড কোং | ০৪.৭৫% উর্ধ্বে | ০৪.৭৫% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (১০) | ঢাকা সেনানিবাসের আজিজপল্লীর শিশু পার্ক মেরামত ও রংকরণ কাজ । | ১০,০৩১/-টাকা | মেসার্স খান ট্রেডার্স | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (১১) | স্টাফ কোয়ার্টার নং-২৫/এ এর ৩য় তলার পশ্চিমাংশ মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ২৬,২৬৮/-টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ০৫.৯৫% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (১২ | বারিধারা ডিওএইচএস এলাকাস্থিত জামে মসজিদের ইমামের বাসায় ১" পানির লাইন স্থাপন। | ২৬,৩১১/-টাকা | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ০৯.৯৯% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড |
| (১৩) | শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে মুসলিম মডার্ণ একডেমীর দক্ষিণ পার্শ্ব দিয়ে মিরপুর লিংক রোড পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৪০,৭০,০০০/-টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ | ২৮.৪৫% উর্ধ্বে | ২৮.৪৫% উর্ধ্বে | অনুদান |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১৪) | শহীদ মঈনুল রোডের ৬ নম্বর বাড়ীর দক্ষিণ পার্শ্ব হতে উত্তর দিকে গলফ্ ক্লাবের দক্ষিণ পার্শ্বের লেক পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৩৫,০০,০০০/-টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ২৭.৫০% উর্ধ্বে | ২৭.৫০% উর্ধ্বে | অনুদান |
| (১৫) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-৫, ১০, ২৪, ২৭, ২৯ ও ৩৫ এর মাথায় বাউন্ডারী ওয়ালের উপর কাটা তারের বেড়া স্থাপন। | ৩৩,৬৭৪/-টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ০৯.৯৫% উর্ধ্বে | ০৯.০০% উর্ধ্বে | অনুদান |
| (১৬) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১০, ২০, ২১নং রোডের পার্শ্বে ৪টি পার্ক মেরামত ও রংকরণ। | ৩৯,৩৪৯.৮১ টাকা | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | অনুদান |
| (১৭) | শহীদ সরণিস্থ শহীদ জাহাংগীর গেইটের উত্তরপার্শ্বে জলাবদ্ধতা দূরীকরণের জন্য রোড ক্রসিং-এর আরসিসি পাইপ ড্রেন স্থাপন এবং শহীদ জাহাংগীর গেইট হতে উভয়দিকে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাতের নীচে পরিস্কারকরণ কাজ। | ২,৮৯,৯৯২/-টাকা | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ০৯.৯০% উর্ধ্বে | ০৯.৯০% উর্ধ্বে | অনুদান ও বোর্ড তহবিল হতে |
| (১৮) | শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ মঈনুল রোডে টিএন্ডটি কর্তৃক খননকৃত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | ১,৭৭,৩৯০/-টাকা | মেসার্স শাহ্ আমিন ট্রেডার্স | ০৭.৫০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | টিএন্ডটি হতে প্রাপ্ত অর্থ হতে |
| (১৯) | রজনীগন্ধা সুপার মার্কেটে কাঁচা বাজার সংলগ্ন গ্রুপ টয়লেটের সেপটিক ট্যাংক মেরামতসহ ড্রেনেজ লাইন সম্প্রসারণ কাজ। | ১,১৩,৯৪৩/-টাকা | মেসার্স মধুমতি ট্রেডার্স | ১৯.৮০% উর্ধ্বে | ১০.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (২০) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে গ্রুপ টয়লেট সংলগ্ন ড্রেনেজ লাইন নির্মাণ কাজ। | ১,৩২,০০০/-টাকা | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ১৯.৯৫% উর্ধ্বে | ১০.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (২১) | রজনীগন্ধা সুপার মার্কেটে কসাইখানা সম্প্রসারণ কাজ। | ৩,১৮,০০০/-টাকা | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ১৯.৯৫% উর্ধ্বে | ১৯.০০% উর্ধ্বে | অনুদান |
| (২২) | রজনীগন্ধা সুপার মার্কেটে মাছের আড়ৎ এর পূর্ব-পশ্চিম পার্শ্বে সংযোগ রাস্তা নির্মাণ কাজ। | ৩,৫৮,১৯৮/-টাকা | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ১৯.৯৫% উর্ধ্বে | ১৯.০০% উর্ধ্বে | অনুদান |
| (২৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/সি সংলগ্ন পুকুরের পশ্চিম পাড়ে ৫০০-০˝ লম্বা বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৫,৮৭,৮৪৮/-টাকা | মেসার্স রাইসা কনস্ট্রাকশন | ২৭.০০% উর্ধ্বে | ২৭.০০% উর্ধ্বে | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ২৩ (তেইশ)টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং-১ এর দরটি বাজার দর অনুযায়ী অনুমোদন করা হলো এবং অন্যান্য প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিং করা হয়েছে। উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টমেন্ট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বোর্ডসভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো এবং বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্রগ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোকঃ-

চলমান পাতা-৯

(১) ৬,১৩,২২১/-টাকা (বাজার দর)
(২) ০৪.৭৫% উর্ধ্ব দর অনুমোদিত।
(৩) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(৪) ০৫.৯৫% উর্ধ্ব দর অনুমোদিত।
(৫) ০৫.০০% নিম্ন দর অনুমোদিত।
(৬) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(৭) ০৪.৯৫ % উর্ধ্ব দর অনুমোদিত।
(৮) ০৪.৯৯ % উর্ধ্ব দর অনুমোদিত।
(৯) ০৪.৭৫ % উর্ধ্ব দর অনুমোদিত।
(১০) ০৫.০০ % উর্ধ্ব দর অনুমোদিত।
(১১) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১২) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৩) ২৮.৪৫% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৪) ২৭.৫০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৫) ০৯.০০ % উর্ধ্ব দর অনুমোদিত।
(১৬) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৭) ০৯.৯০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৮) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৯) ১০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(২০) ১০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(২১) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(২২) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(২৩) ২৭.০০ % উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-১৬ এর অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত রজনীগন্ধা সুপার মার্কেটের সকল প্রকার দোকানের সময়োপযোগী মাসিক ভাড়ার হার নির্ধারণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকানসমূহের ভাড়া বৃদ্ধির ব্যাপারে মেজর আব্দুর রশিদ আকন্দ-কে আহ্বায়ক করে গঠিত কমিটির সুপারিশের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকানসমূহের বর্ধিত ভাড়ার হার চূড়ান্তকরণের নিমিত্তে বোর্ডসভার সকল সম্মানিত সদস্যের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন সোডিয়াম লাইটের বাল্ব ও আনুসংগিক ফিটিংস ট্রান্সকম ইলেকট্রনিক্স লিঃ (ফিলিপস) হতে ২০০৫-২০০৬ আর্থিক সালের জন্য কোম্পানীর নির্ধারিত (১) ইগনেটর ৯০ ওয়াট সোডিয়াম বাতি প্রতিটি ১১৫০/-টাকা (২) সোডিয়াম বাল্ব ৯০ ওয়াট প্রতিটি ২০০০/-টাকা দরে ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে কোম্পানীর নির্ধারিত দরে ট্রান্সকম ইলেক্ট্রনিক্স লিঃ (ফিলিপস) হতে সোডিয়াম বাতি ও সোডিয়াম বাতির ইগনেটর ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১০

প্রস্তাব নং-২৩ ঃ ডিওএইচএস বারিধারা, মহাখালী ও বনানী এলাকায় বাড়ী নির্মাণের ০৫ টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলোঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কর্ণেল এস এম ফয়সাল | ৪৯২/৪ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (৬ তলা) |
| ২। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আকবর ইউসুফ | ৪৫৭ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (৬ তলা) |
| ৩। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ সুলতান উদ্দিন ইকবাল, বীর প্রতীক, এনডিইউ, পিএসসি গং | ৪০৭ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত (৬ তলা) |
| ৪। | মিসেস হাসিন আরা কাশেম | ৯৩ | বনানী ডিওএইচএস | সংশোধিত (৬ তলা) |
| ৫। | জনাব আরশাদ উল-আলম | ১৪/এ | বনানী ডিওএইচএস | সংশোধিত (৬ তলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনা হলো। আলোচনান্তে নকশা অনুমোদনের বিষয়টি অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

২৪ বিবিধ (১) ঃ শহীদ রমিজ উদ্দিন কলেজের ১২ × ১৮ = ২১৬ বর্গফুট বিশিষ্ট ক্যান্টিনটির ইজারা মেয়াদ ৩১ জুলাই, ২০০৫ তারিখে উত্তীর্ণ হয়ে যাবে বিধায় ০১ আগস্ট, ২০০৫ তারিখ হতে উক্ত ক্যান্টিনটির ইজারা পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য নবায়নের নিমিত্তে বর্তমান ইজারা গ্রহীতা জনাব মোঃ আমিরুরজ্জামান ২৩ জুন, ২০০৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত ক্যান্টিনটির বর্তমান মাসিক ভাড়া ৫৫০/- টাকা। এ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্তের জন্য আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনা করা হলো। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন কলেজের ক্যান্টিনটি ০১ আগস্ট, ২০০৫ তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছরের জন্য মাসিক ৬০০/- (ছয়শত) টাকা ভাড়ায় ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উল্লেখ থাকে যে, এ মেয়াদ শেষে উক্ত ক্যান্টিনটি প্রকাশ্য ইজারা বিজ্ঞপ্তির মাধ্যমে ইজারা প্রদান করতে হবে।

২৪ বিবিধ (২) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেন্সী শাখার ঝাড়ুদারদের জন্য ১৬১টি, সাধারণ কঞ্জারভেন্সী শাখার ঝাড়ুদারদের জন্য ৫৮টি, উদ্যান শাখার মালীদের জন্য ৩০টি, মাস্টাররোল ঝাড়ুদারদের জন্য ৫১টিসহ মোট ৩০০টি হলুদ রঙের টি-শার্ট নমুনা মোতাবেক প্রিন্টিংসহ সরবরাহের নিমিত্তে ০৬ জুন, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ইউকোহামা ট্রেড ইন্টারন্যাশনাল, ৬৩/১এইচ, সিদ্ধেশ্বরী রোড, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতিটি ১১০/- (একশত দশ) টাকা হিসেবে ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনা করা হলো। আলোচনান্তে ৩০০টি হলুদ রঙের টি শার্ট প্রিন্টিংসহ সরবরাহের নিমিত্তে ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-১১

২৪ বিবিধ (৩) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬, ঢাকা-মেট্রো-অ-১১-০০১৪ এবং ঢাকা-মেট্রো-অ-১১-০৪৭৯ নং ট্রাক ০৩(তিন)টির বডি মেরামত ও রংকরণের জন্য অত্র দপ্তরের মেকানিক জনাব হরিলাল তার ২৬ জুন, ২০০৫ তারিখের আবেদনে ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকার মূল্যানুমান পেশ করেছেন। কঞ্জারভেন্সী শাখার ট্রাক তিনটির বডি মেরামত ও রংকরণের জন্য ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ০৩(তিন)টি কঞ্জারভেন্সী ট্রাকের বডি মেরামত ও রংকরণের জন্য ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

২৪ বিবিধ (৪) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মুল্যানুমান অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদের পশ্চিম পার্শ্বে রোড নং-২১ হতে ১০ এর সংযোগ সড়ক মেরামতসহ কার্পেটিংকরণ এবং রাস্তার পশ্চিম পার্শ্বে পাকা ড্রেন নির্মাণ। | ৪,৯০,৭৩০/-টাকা | অনুদান |
| ২। | মহাখালী ডিওএইচএস এলাকার ৯ নং রোড মেরামতসহ কার্পেটিংকরণ এবং রাস্তার পার্শ্বে পাকা ড্রেন নির্মাণ। | ২,০০,০০০/- টাকা | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মূল্যানুমান ২টি অনুমোদন করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

২৪ বিবিধ (৫) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিএএফ কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ড-৩৭৭৭ ও ঢাকা-মেট্রো-ট-৮৩৯৪ এবং বিএন কঞ্জারভেন্সী শাখার ঢাকা-মেট্রো-ন-৪৫২০ নং ট্রাক ০৩(তিন)টির জন্য ১০(দশ)টি টায়ার ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২৩ জুন, ২০০৫ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৫,৬০০/- (পয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বিএএফ এবং বি এন কঞ্জারভেন্সী শাখার ০৩(তিন)টি ট্রাকের জন্য ১০ (দশ) টি টায়ার ক্রয়ের জন্য ৪৫,৬০০/- (পয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। বিএএফ এবং বিএন কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

২৪ বিবিধ (৬) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৩৩বিবিধ(৬) এর গৃহীত সিদ্ধান্ত নিম্নোক্তভাবে সংশোধন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৩৩বিবিধ(৬) এর গৃহীত সিদ্ধান্ত নিম্নোক্তভাবে সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বাস্তবে দেখা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১০ নং রাস্তা দিয়ে সকল কোস্টার, মাইক্রোবাস ও রিকশাকে চলাচল করা বাধ্যতামূলক করা হয়েছে। ফলে এই রাস্তায়

**চলমান পাতা-১২**

এবং বিশেষ করে ১০ নং রাস্তার তিনমুখের সংযোগ স্থলে অস্বাভাবিক যানজট হয়। এই যানজটের মূল কারণ ১০ নং রাস্তার তিনমুখে এবং আশে পাশের রাস্তায় সম্পূর্ণ বেআইনীভাবে ৪০/৫০টি রিকশার অবস্থান। মূল রাস্তার উপর রিকশার অবস্থান সম্পূর্ণ বেআইনী এবং অবৈধ। এসব রিকশার জন্য যানবাহন চলাচলে অসুবিধা, লোকজন রাস্তায় চলতে বাধার সম্মুখীন হওয়াসহ প্রতিদিন ছোটখাটো দুর্ঘটনাসহ এলাকার শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। এই অবস্থায় এমপি ইউনিট এবং ক্যান্টনমেন্ট বোর্ড থেকে আলাদাভাবে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেয়া প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়। উল্লেখ্য যে, অরুনিমা ফিলিং স্টেশনের সাথে পুকুর পাড়ে একটি অস্থায়ী এমপি চেকপোস্ট আছে। সেখান থেকে সামান্যতম তদারকী করলে ১০ নম্বর রোডের উপরে বিশেষ করে তিন মাথায় কোন রিকশা দাড়ানো সম্ভব হবে না। এছাড়া ক্যান্টনমেন্ট বোর্ড রিকশা জব্দ করার অভিযান চালালে সমস্যার সমাধান দ্রুত সম্ভবপর হবে।

(ক) এমপি ইউনিটকে জরুরী ভিত্তিতে ১০ নং রোডের তিন মাথায় ও এর আশে পাশে যাতে রিকশা না থামে সে ব্যাপারে জরুরী ভিত্তিতে বাস্তব পদক্ষেপ নেয়ার জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস থেকে অনুরোধ পত্র এমপি ইউনিটে পাঠানো হবে।

(খ) জরুরী ভিত্তিতে ক্যান্টনমেন্ট বোর্ড একটি টিম গঠন করে ১০ নং রোডের তিন মাথা ও আশে পাশে দাড়ানো রিকশা জব্দ করে ট্রাকে করে নিয়ে যাওয়ার বন্দোবস্ত করবে। এছাড়া লাইসেন্সবিহীন রিকশা স্থায়ীভাবে বাজেয়াপ্ত করবে এবং এব্যাপারে উপরোক্ত জায়গা থেকে রিকশা উচ্ছেদ অভিযান কার্যক্রম শুরু করে তা অব্যাহত রাখবেন।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৫/০৫

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহউদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।